

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ



স্ট্রেন্‌দেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (SPFMS)
স্কিম অন স্ট্রেন্‌দেনিং দি ক্যাপাসিটি অফ ট্রেজারি এন্ড ডেট ম্যানেজমেন্ট উইং অফ ফিন্যান্স ডিভিশন
শহীদ প্রকৌশল ভবন (৫ম তলা), আইইবি হেড কোয়ার্টার, রমনা, ঢাকা-১০০০

নং- ০৭.০০.০০০০.০০০.০৬.০২১.২১-৬২

তারিখঃ ১২ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ
২৭ মে ২০২১ খ্রিষ্টাব্দ


বিষয় : ডাকঘর সঞ্চয় ব্যাংক এর অটোমেশন/ডিজিটাইজেশন কার্যক্রম পুনরায় চালুকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Strengthening Public Financial Management Program to Enable Service Delivery (SPFMS) এর আওতায় জাতীয় সঞ্চয় স্কিমের অটোমেশন কার্যক্রম পরিচালিত হচ্ছে। ইতোমধ্যে ৪ (চার)টি সঞ্চয়পত্র ১ জুলাই ২০১৯ তারিখ হতে অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেমের আওতায় আনয়ন করা হয়েছে। তাছাড়া ডাকঘর সঞ্চয় ব্যাংক সাধারণ ও মেয়াদি হিসাব এর কার্যক্রম ১৭ মার্চ ২০২০ তারিখে অনলাইনে চালু করা হলেও কিছু কারিগরী ত্রুটির কারণে বন্ধ ছিল। বর্তমানে ডাক অধিদপ্তরের পরামর্শ ও সুপারিশের আলোকে কারিগরী সমস্যাসমূহ সমাধান করা হয়েছে।

০২। ডাকঘর সঞ্চয় ব্যাংক সাধারণ হিসাবের অনলাইন সিস্টেমের বিষয়ে বিগত ১৮ মে ২০২১ তারিখ হতে ২৪ মে ২০২১ তারিখ পর্যন্ত ডাক অধিদপ্তর সকল সার্কেলের প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তাকে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে ডাক অধিদপ্তর হতে প্রাপ্ত সুপারিশের আলোকে সিস্টেমকে যুগোপযোগী করা হয়েছে। তাই আগামী ১ জুন ২০২১ খ্রি. তারিখ হতে ডাকঘর সঞ্চয় ব্যাংক সাধারণ হিসাব ও ১ জুলাই ২০২১ তারিখ হতে মেয়াদি হিসাব অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেমের আওতায় আনয়ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং SPFMS কর্মসূচি কর্তৃক এ বিষয়ে সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। এসংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশাবলী সংযুক্ত করা হলো।

০৩। এমতাবস্থায়, ডাকঘর সঞ্চয় ব্যাংক এর কার্যক্রম অটোমেশন/ডিজিটাইজেশনের নিমিত্ত আগামী ১ জুন ২০২১ তারিখ হতে সাধারণ হিসাব এবং ১ জুলাই, ২০২১ তারিখ হতে মেয়াদি হিসাব এ ম্যানুয়াল পদ্ধতিতে নতুন হিসাব খোলা বা পুরাতন হিসাব এ ডিপোজিট গ্রহণ না করার জন্য ডাক অধিদপ্তরের আওতাধীন সকল ইস্যু অফিস (BPO/SPO/HPO) কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: নির্দেশনাবলী ০১ (এক) পাতা।


২৭/০৫/২১
(মোঃ হেলাল উদ্দীন)

প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কোঅর্ডিনেটর (উপসচিব)

ফোনঃ +৮৮০২৫৫১১০৫৫১-৫৫

ইমেইলঃ helalu3@finance.gov.bd

মহাপরিচালক, ডাক অধিদপ্তর

ডাক ভবন, ঢাকা-১০০০।

[দৃ: আ: জনাব মোঃ ফরিদ আহমেদ, পরিচালক (সঞ্চয় ও বীমা)]

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে -

- ০১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - ১০০০।
- ০৪। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, এনএসসি টাওয়ার (১৮তলা), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
- ০৫। জাতীয় কর্মসূচি পরিচালক, এসপিএফএমএস ও অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা। (ডাকঘর সঞ্চয় ব্যাংকের দৈনন্দিন/সাপ্তাহিক/মাসিক/অন্যান্য হিসাবের প্রতিবেদন ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে সিস্টেম জেনারেটেড প্রতিবেদন বাধ্যতামূলকভাবে গ্রহণের অনুরোধসহ)
- ০৭। অফিস নথি।